



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।  
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)  
[www.feni.gov.bd](http://www.feni.gov.bd)



স্মারক নং- ০৫.২০.৩০০০.০৩১.১৮.০০৯.২১ - ২০৮৩

তারিখ : ২১ কার্তিক, ১৪২৮  
২৪ নভেম্বর, ২০২১

-: গণ বিজ্ঞপ্তি :-

এতদ্বারা ফেনী জেলাধীন সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্স স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক অধিশাখা-৪, ঢাকার স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬ তারিখ-০৩/০৮/২০১৬খ্রি: তারিখের আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ ( সংশোধন/পরিবর্তন /সংযোজনসহ) এর ক্রমিক নং-৩১(ক) অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক আগামী ০১লা ডিসেম্বর/২০২১ হতে ৩১ ডিসেম্বর/২০২১ তারিখ পর্যন্ত নবায়ন করা হবে। লাইসেন্সধারীগণকে তাদের লাইসেন্স নবায়নের জন্য সরকার নির্ধারিত ফি এবং ১৫% ভ্যাট নিম্নবর্ণিত কোডে চালানোর মাধ্যমে সোনালী ব্যাংকে (ট্রেজারী চালান) জমা প্রদান পূর্বক চালানোর মূল কপি, লাইসেন্স, অস্ত্র ও গোলাবারুদসহ (অস্ত্র খানায় জমা থাকলে হালনাগাদ জমার রশিদ) নির্ধারিত তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনীর জেএম শাখায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক অধিশাখা-৪, ঢাকার স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬ তারিখ-০৩/০৮/২০১৬খ্রি: তারিখের আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ ( সংশোধন/পরিবর্তন /সংযোজনসহ) এর ক্রমিক নং-৩০ অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক নিম্নোক্তভাবে প্রতি আগ্নেয়াস্ত্রের জন্য লাইসেন্স নবায়ন ফি প্রদত্ত হলো।

৩০.ক.১	ব্যক্তি পর্যায়ে	লাইসেন্স নবায়ন ফি: পিস্তল/ রিভলবার : ১০,০০০/- (দশ হাজার) টাকা বন্দুক/শটগান/রাইফেল : ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	১৫% ভ্যাট-১,৫০০/- ১৫% ভ্যাট-৭৫০/-
৩০.ক.২	আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে	লাইসেন্স নবায়ন ফি: লং ব্যারেল : ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	১৫% ভ্যাট-৭৫০/-
৩০.ক.৩	প্রতিষ্ঠান পর্যায়ে	লাইসেন্স নবায়ন ফি: লং ব্যারেল : ১০,০০০/- (দশ হাজার) টাকা	১৫% ভ্যাট-১,৫০০/-
৩০.ক.৪	ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান	লাইসেন্স নবায়ন ফি : ২০,০০০/- (বিশ হাজার) টাকা	১৫% ভ্যাট-৩,০০০/-
৩০.ক.৫	সেফ কিপিং	লাইসেন্স নবায়ন ফি : ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	১৫% ভ্যাট-৭৫০/-

লাইসেন্স নবায়ন ফি জমা প্রদানের কোড:

কোড নং- ১ ২ ২ ১ ১ ০ ০ ০ ০ ১ ৮ ৫ ৯

১৫% ভ্যাট জমা প্রদানের কোড:

কোড নং- ১ ১ ১ ৩ ৩ ০ ০ ৪ ০ ০ ৩ ১ ১

জনাব উম্মে তাহমিনা মিতু, সহকারী কমিশনার, জে. এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনীকে জেলা ম্যাজিস্ট্রেটের পক্ষে ২০২২ সালের জন্য লাইসেন্স নবায়নের দায়িত্ব দেয়া হল।

(আবু সেলিম মাহমুদ-উল হাসান)  
জেলা ম্যাজিস্ট্রেট  
ফেনী

☎ ০৩৩১-৭৪০০০ ☎ ০৩৩১-৬১৪০৪  
ইমেইল-[dcfeni@mopa.gov.bd](mailto:dcfeni@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.২০.৩০০০.০৩১.১৮.০০৯.২১ - ২০৮৩/১

তারিখ : ২১ কার্তিক, ১৪২৮  
২৪ নভেম্বর, ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে :

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।


(আবু সেলিম মাহমুদ-উল হাসান)  
জেলা ম্যাজিস্ট্রেট  
ফেনী

স্মারক নং- ০৫.২০.৩০০০.০৩১.১৮.০০৯.২১ - ২০৬৩/৯

তারিখ : ২২ কার্তিক, ১৪২৮  
২৪ নভেম্বর, ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,.....(সকল)।
- ০২। পুলিশ সুপার জেলা বিশেষ শাখা, ফেনী। তাঁকে কোন লাইসেন্সধারী মৃত কিনা বা লাইসেন্স নবায়নে আপত্তি থাকলে সে সম্পর্কে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) / অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) / অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর / পরশুরাম / ফুলগাজী / ছাগলনাইয়া / সোনাগাজী / দাগনভূঞা, ফেনী। তাঁকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হ'ল।
- ০৫। নেজারত ডেপুটি কালেক্টর, ফেনী।
- ০৬। ডিজিএম / এজিএম / ম্যানেজার..... (সকল) ব্যাংক, ফেনী।
- ০৭। জেলা তথ্য অফিসার, ফেনী। তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা সদরসহ প্রত্যেক উপজেলায় মাইক যোগে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
- ০৮। অফিসার ইনচার্জ, ফেনী সদর / পরশুরাম / ফুলগাজী / ছাগলনাইয়া / সোনাগাজী / দাগনভূঞা, ফেনী। তাঁকে নিজে / প্রতিনিধি প্রেরণপূর্বক নবায়নকালে রেজিস্ট্রারসহ উপস্থিত থেকে রেজিস্ট্রারটি হালনাগাদ করার জন্য অনুরোধ করা হ'ল।
- ০৯। সভাপতি/সম্পাদক,----- (উল্লিখিত বিজ্ঞপ্তিটি মিডিয়া তালিকাভুক্ত এমন দুটি পত্রিকায় সংবাদ হিসাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
- ১০। নোটিস বোর্ড।
- ১১। অফিস কপি।

  
জেলা ম্যাজিস্ট্রেট  
ফেনী।